

শিক্ষার মানোন্নয়নে শাসকশ্রেণির ভূমিকা নেই -রেহমান সোবহান

আমাদের সময় ডেস্ক

২২ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



অধ্যাপক রেহমান সোবহান সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বা শিক্ষার মানোন্নয়নে শাসকশ্রেণির কোনো ভূমিকা দেখছেন না। তিনি বলেন, যারা শাসকশ্রেণির অন্তর্ভুক্ত, তাদের সম্মান কিংবা নাতি-নাতনিরা ভালো মানের বেসরকারি ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনা করেছে, করছে ও করবে।



‘বাংলাদেশে শিক্ষার গণতন্ত্রীকরণ : অধিকতর ন্যায়পরায়ণ সমাজের পথরেখা’ শিরোনামে গতকাল শনিবার রাতে একটি অনুষ্ঠানে বক্তব্য দেন গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান। রাজধানীর বাংলামোটরে বিশ্বসাহিত্য কেন্দ্রে এই অনুষ্ঠানের আয়োজন করে বিশ্বসাহিত্য কেন্দ্র প্রাক্তন সভ্য সংঘ। অনুষ্ঠানে অধ্যাপক রেহমান সোবহান বলেন, দেশের শিক্ষাব্যবস্থা বিভক্ত। এই বিভক্তি দূর করতে না পারলে সামনে শিক্ষাব্যবস্থায় আরও সামাজিক সংঘাত অপেক্ষা করছে।

অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্র প্রাক্তন সভ্য সংঘের সদস্য সিরাজুল ইসলাম কাদির। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম, মেটলাইফ বাংলাদেশের প্রধান নির্বাহী কর্মকর্তা আলাউদ্দিন আহমদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সিপিডির সম্মাননীয় ফেলো অধ্যাপক রওনক জাহান, অধ্যাপক এম এম আকাশ ও সিপিডির সম্মাননীয় ফেলো মোস্তাফিজুর রহমান।